

3 (Sem-1) BEN L

2016

Bijni College Library
P.O. Bijni, Dist. Chirang
(B.T.A.D) Assam

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×৭=৭

(ক) “জামাতা-গৌরব-হেতু আসিয়া সঞ্জয়কেতু
সবারে করিলা সন্তাষণ।”

সঞ্জয়কেতুর ‘জামাতা’ কে ?

(খ) ‘খুল্লরা বেচয়ে খড়্গ দরে এক _____।’

(শূন্যস্থান পূরণ করো)

(গ) কালকেতুর হাত থেকে পশুদের বাঁচাতে চণ্ডী কোন ছদ্মবেশ
ধারণ করেছিলেন ?

(ঘ) “শিশুকালে কুতূহলী পতঙ্গেরে দিয়া শূলী
ব্যোমপথে করাল্য গমন।”

‘ব্যোম’ শব্দের অর্থ কী ?

- (ঙ) অন্নদা কার ছদ্মবেশ ধারণ করে ব্যাসদেবকে ছলনা করেছিলেন ?
- (চ) ব্যাসদেবের মায়ের নাম কী ?
- (ছ) “দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভূমে লুটি ।”
‘দামাল’ শব্দের অর্থ লেখো ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) ভাঁড়ুদত্তের পিতা ও পিতামহের নাম লেখো ।
- (খ) “রাঙ্কিবে বনাতি শাক হাঁড়ি দুই তিন ।”
কে, কাকে একথা বলেছিলেন ?
- (গ) “অন্নপূর্ণা ক্রোধমনে শাপ দিল দুই জনে ।”
অন্নপূর্ণা কাদের শাপ দিয়েছিলেন ?
- (ঘ) “কি দোষ করিল তোর কাশীবাসিগণ ।
কেন শাপ দিলি, অরে বিটলা বামন ॥”
বক্তা কে ? কাকে তিনি ‘বিটলা বামন’ বলেছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে কালকেতুর ভোজনদৃশ্যটির বিবরণ দাও ।
- (খ) বর্ষায় বিপর্যস্ত কলিঙ্গবাসীরা কীভাবে নিজেদের খেদ ব্যক্ত করেছিল লেখো ।

(গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘হরগৌরীকন্দল’ অংশ অবলম্বনে ‘কন্দল’-এর বিবরণ দাও ।

(ঘ) ‘ব্যাসবর্ণন’ অংশ অবলম্বনে ব্যাসদেবের চেহারার বর্ণনা দাও ।

(ঙ) “ফুল্লরা বীরেরে বলে আগে তুমি ভাল ছিলে
ইবে প্রভু নষ্ট কৈলে মতি ।
আনিলে পরের নারী অতিশয় মনোহারী
শুনিলে বধিবে নরপতি ॥”
(কালকেতুর প্রতি ফুল্লরার উপদেশ)

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) মুকুন্দরাম দুঃখবাদের কবি কি না তা ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের পাঠ্য অংশ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে বোঝাও ।

(খ) পাঠ্য অংশ থেকে উদাহরণ দিয়ে ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে কৌতুক ও হাস্যরসের পরিচয় দাও ।

(গ) ফুল্লরার বারোমাসের দুঃখ কীভাবে বর্ণিত হয়েছে তা লেখো ।

(৭)

খ—গুচ্ছ

- (ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের শিব চরিত্রটি আলোচনা করো।
- (ঙ) কাহিনী বিন্যাস, দেবদেবীর মহিমা প্রকাশে ও চরিত্ররূপ কল্পনায় ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য কীভাবে 'নূতন-মঙ্গল' হয়ে উঠেছে তা দেখাও।
- (চ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাসদেব ও গঙ্গা কাহিনীবৃত্তির বিবরণ দাও।

★ ★ ★